

## আমার বাড়ি

টি কোনো ব্যাংকে দায়বদ্ধ নয়  
গ্রামীণ আবহ হলেও গ্রামীণ ব্যাংকেও নয়  
আমার নিজের বাড়ি, পৃথিবীর শ্রেষ্ঠতম বাড়ি  
কোনো নকশাবিদ এ বাড়ির ছবিটি আকেনি  
এ বাড়ি ছবির বাড়ি আমি তার বিমুক্ত দর্শক  
ফলজ, বনজ আর ভেষজেরা আছে যথারীতি  
তারপরও বাড়িটির কিছু কিছু বিশেষত্ব আছে  
উই পোকা, তেলা পোকা, মশক, ইদুর  
বেড়াল, কুকুরসহ বাস করে অহি ও নকুল  
এইসব প্রাণীকুল যথারীতি স্বাধীনতা প্রিয়  
বিরত্তির নয়।  
পৃথিবীর কোনো নারী এইসব পছন্দ করে না  
যথারীতি প্রিয় নারী ডট ডট ডট।  
এইসব বিশেষত্ব আছে বলে এই বাড়ি  
আমার নিজের বাড়ি পৃথিবীর শ্রেষ্ঠতম বাড়ি  
এই বাড়ি ছেড়ে আমি কোথাও যাবোনা।

মাহমুদ কামাল

